

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪৮১২

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৪৩. মুসলিমের দোষ-ত্রুটি গোপন রাখা - সম্পর্কে।

باب فِي السُّتْرِ عَنِ الْمُسْلِمِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا ابْنُ أَبِي مَرْيَمَ، أَخْبَرَنَا اللَّيْثُ، قَالَ حَدَّثَنِي إِبْرَاهِيمُ بْنُ نَسِيطٍ، عَنْ كَعْبِ بْنِ عُلْقَمَةَ، أَنَّهُ سَمِعَ أَبَا الْهَيْثَمِ، يَذْكُرُ أَنَّهُ سَمِعَ دُخَيْنًا، كَاتِبَ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ كَانَ لَنَا جِيرَانٌ يَشْرَبُونَ الْخَمْرَ فَنهَيْتُهُمْ فَلَمْ يَنْتَهُوا فَقُلْتُ لِعُقْبَةَ بْنِ عَامِرٍ إِنَّ جِيرَانَنَا هَؤُلَاءِ يَشْرَبُونَ الْخَمْرَ وَإِنِّي نَهَيْتُهُمْ فَلَمْ يَنْتَهُوا فَأَنَا دَاعٍ لَهُمُ الشُّرْطَ . فَقَالَ دَعُهُمْ . ثُمَّ رَجَعْتُ إِلَى عُقْبَةَ مَرَّةً أُخْرَى فَقُلْتُ إِنَّ جِيرَانَنَا قَدْ أَبَوْا أَنْ يَنْتَهُوا عَنْ شُرْبِ الْخَمْرِ وَأَنَا دَاعٍ لَهُمُ الشُّرْطَ . قَالَ وَيْحَكَ دَعُهُمْ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَ مَعْنَى حَدِيثِ مُسْلِمٍ . قَالَ أَبُو دَاوُدَ قَالَ هَاشِمُ بْنُ الْقَاسِمِ عَنْ لَيْثٍ فِي هَذَا الْحَدِيثِ قَالَ لَا تَفْعَلْ وَلَكِنْ عِظْهُمْ وَتَهْدِدْهُمْ .

বাংলা

৪৮১২. মুহাম্মদ ইবন ইয়াহইয়া (রহঃ) উকবা ইবন আমির (রাঃ)-এর লেখক দুখায়না (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ আমাদের কিছু প্রতিবেশী ছিল, যারা শরাব পান করতো। আমি তাদের তা থেকে বিরত থাকতে বলি, কিন্তু তারা তার প্রতি কর্ণপাত করে না। তখন আমি উকবা ইবন আমির (রাঃ)-কে বলিঃ আমার এসব প্রতিবেশী শরাব পান করে, আমি তাদের নিষেধ করা সত্ত্বেও তারা তা পরিত্যাগ করে না। এখন আমি কি তাদের এ কাজের জন্য নগরপালকে ডাকবো? তিনি বলেনঃ তুমি তাদেরকে তাদের অবস্থার উপর ছেড়ে দাও। পুনরায় আমি উকবা (রাঃ)-এর কাছে উপস্থিত হয়ে বলিঃ আমার প্রতিবেশীরা মদ পান পরিত্যাগ করতে অস্বীকার করছে। আমি কি তাদের জন্য নগরপালকে ডাকবো? তিনি বলেনঃ তোমার জন্য আফসোস! আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি। এরপর তিনি পূর্বোক্ত হাদীছের অনুরূপ হাদীছ বর্ণনা করেন।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেনঃ হাশিম ইবন কাসিম - রাবী লায়ছ হতে এ হাদীছ বর্ণনা প্রসঙ্গে বলেনঃ উকবা ইবন আমির (রাঃ) দুখায়না (রহঃ)-কে বলেনঃ তুমি এ ব্যাপারে কোতয়ালকে অবহিত করো না, বরং তুমি তাদের নসীহত কর এবং ধমক দাও।

English

Narrated Uqbah ibn Amir:

AbulHaytham quoted Dukhayn, the scribe of Uqbah ibn Amir, saying: We had some neighbours who used to drink wine. I forbade them, but they did not stop.

I then said to Uqbah ibn Amir: These neighbours of ours drink wine, and I tried to prevent them but they did not stop, and I am going to call the police about them.

He said: Leave them.

I again came to Uqbah ibn Amir and said: Our neighbours have refused to refrain from drinking wine, and I am going to call the police for them.

He said: Woe to thee! Leave them alone. I heard the Messenger of Allah (ﷺ) say: he then mentioned the tradition to the same effect as recorded above on the authority of the narrator Muslim.

Abu Dawud said: In this version Hashim b. al-Qasim said on the authority of Laith: Do not do it, but preach them and threaten them.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=36918>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন